# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা

www.supremecourt.gov.bd

(পত্র বিনিময় শাখা)

বিজ্ঞপ্তি নং- ৫৬০ জি, তারিখঃ ২৭/১০/২০১৬ খ্রি.

**বিষয়ঃ- ফৌজদারী বিবিধ (ক্রিমিনাল মিস) ও ফৌজদারী রিভিশন (ক্রিমিনাল রিভিশন) মামলায় প্রতিপক্ষের প্রতি প্রেরিত নোটিশে মামলার টেন্ডার নম্বর ও বেঞ্চ নম্বর উল্লেখ করা সংক্রান্ত।**

সূত্রঃ (১) বিজ্ঞপ্তি নং ৪২২ জি, তারিখ: ২৩/০৮/২০১৬ খ্রি:, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অত্র কোর্টের সূত্রোক্ত স্মারকমূলে ফৌজদারী বিবিধ (ক্রিমিনাল মিস্) ও ফৌজদারী রিভিশন (ক্রিমিনাল রিভিশন) মামলা ফাইলিং এর সময় প্রতিটি মামলায় ''টেন্ডার নম্বর'' প্রদান বাধ্যতামূলক করা হয়েছে।

০২। বর্তমানে ফৌজদারী বিবিধ (ক্রিমিনাল মিস) ও ফৌজদারী রিভিশন (ক্রিমিনাল রিভিশন) মামলায় সরকার বা ক্ষেত্রমত প্রতিপক্ষের (Opposite Party) প্রতি প্রেরিত নোটিশে ''টেন্ডার নম্বর'' ও যে বেঞ্চে শুনানী অনুষ্ঠিত হবে উক্ত বেঞ্চ নম্বর উল্লেখ থাকে না। ফলে, মামলাটি কোন কোর্টে শুনানী হবে সে বিষয়ে প্রতিপক্ষ অবহিত না থাকায় অনেক ক্ষেত্রে যথাযথ প্রস্তুতি গ্রহণক্রমে উক্ত মামলার শুনানীতে অংশগ্রহণ সম্ভব হয় না।

০৩। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের গোচরীভূত হয়েছে যে, কতিপয় কোর্টের বেঞ্চ অফিসার/ সহকারী বেঞ্চ অফিসারগণ অনিয়মের মাধ্যমে মামলার ক্রম পরিবর্তনের মাধ্যমে তালিকার নীচের দিকের মামলা উপরের দিকে নিয়ে আসেন, এমনকি মামলার এফিডেভিট দিনের শেষ ভাগে করার পরও এরূপ মামলা দৈনিক কার্যতালিকার উপরের দিকে অন্তর্ভুক্ত করেন। ফলশ্রুতিতে, অনেক গরীব বিচারপ্রার্থীর মামলা দীর্ঘদিন শুনানীর অপেক্ষায় থাকে। পক্ষান্তরে কতিপয় বিচারপ্রার্থীর মামলা অনিয়মের মাধ্যমে দ্রুততার সাথে শুনানী সম্পন্ন হয়। বর্ণিত প্রেক্ষাপটে দুর্নীতি ও অনিয়ম রোধকল্পে মাননীয় প্রধান বিচারপতি মহোদয় গত ২৭/১০/২০১৬ খ্রি: তারিখ অত্র কোর্টের বেঞ্চ রীডার, বেঞ্চ অফিসার, সহকারী বেঞ্চ অফিসার ও কোর্ট এসোসিয়েটদের উদ্দেশ্যে প্রদত্ত অভিভাষণে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

০৪। এমতাবস্থায়, ফৌজদারী বিবিধ (ক্রিমিনাল মিস) ও ফৌজদারী রিভিশন (ক্রিমিনাল রিভিশন) মামলায় সরকার বা ক্ষেত্রমত প্রতিপক্ষের (Opposite Party) প্রতি প্রেরিত নোটিশে ''টেন্ডার নম্বর'' ও দরখাস্তকারী (Petitioner) যে বেঞ্চে মামলাটি শুনানি করতে ইচ্ছুক উক্ত বেঞ্চ নম্বর আবশ্যিকভাবে উল্লেখ থাকতে হবে। নোটিশে উল্লেখিত বেঞ্চে মামলাটি শুনানির জন্য উপস্থাপিত হয়েছে কিনা তা সংশ্লিষ্ট বেঞ্চের বেঞ্চ অফিসার নিশ্চিত করবেন।

০৫। মামলার সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে উপরিউক্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৬। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে,

২৭/১০/১৬

(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। বিজ্ঞ অ্যাটর্নি-জেনারেল, বাংলাদেশ।
২। সলিসিটর, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সভাপতি/ সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি (বিজ্ঞ আইনজীবীগণকে অবগত করানোর অনুরোধসহ)।
৪। মহাপরিচালক (আইন), দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। অতিরিক্ত রেজিস্ট্রার,................ হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
৬। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ/ হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭। ডেপুটি রেজিস্ট্রার,................ হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। সহকারী রেজিস্ট্রার,................ হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
১০। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১১। রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১২। বেঞ্চ অফিসার,..................... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)। (মাননীয় বিচারপতি মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
১৩। এফিডেভিট কমিশনার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
১৪। সুপারিনটেনডেন্ট, ফাইলিং শাখা/ ফৌজদারী বিবিধ/ ফৌজদারী রিভিশন/ এফিডেভিট শাখা/ স্ট্যাম্প রিপোর্টার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৫। অফিস কপি।